দৈনিক ইনকিলাব

তারিখ 05 DEC 1991
পৃষ্ঠা ... কলাম ...

# সার্বজনীন প্রাথমিক শিক্ষা কর্মসূচী বাস্তবায়নে এবতেদায়ী মাদ্রাসার ভূমিকা অপরিসীম

## —শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার সার্বজনীন প্রাথমিক শিক্ষা কর্মসূচী বাস্তবায়নে এবতেদায়ী মাদ্রাসার ভূমিকার ওপর গুরুত্ব আরোপ করেছেন।

তিনি বলেন, বিএনপি সরকার জাতীয়

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

## শিক্ষামন্ত্রী

প্রথম পৃষ্ঠার পর

উন্নয়নের লক্ষ্যে সাধারণ মানুষের মধ্যে মৌলিক শিক্ষা বিস্তারকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছে।

শিক্ষামন্ত্রী গতকাল ঢাকায় শিক্ষা মন্ত্রণালয় ও ইউনিসেফের যৌথ উদ্যোগে সার্বজনীন প্রাথমিক শিক্ষা কর্মসূচী বাস্তবায়নে এবতেদায়ী মাদ্রাসার ভূমিকা শীর্ষক এক জাতীয় কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। খবর তথ্য বিবরণীর।

শিক্ষা সচিব মীর মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খান এবং ইউনিসেফের আবাসিক প্রতিনিধি মিঃ কোল পি ডজ এবং ডঃ ফজলুল করিম চৌধুরী বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, প্রাথমিক শিক্ষা ও এবতেদায়ী মাদ্রাসা শিক্ষাকে সমান সুযোগ-সুবিধা দেয়ার ব্যাপারে সরকারের সদিচ্ছার কোন অভাব নেই। তিনি নিরক্ষরতা দূরীকরণ ও মাদ্রাসা শিক্ষার উন্নয়নের জন্য দেশী ও বিদেশী সহযোগিতা এবং জনগণের অংশগ্রহণের ওপর জোর দেন।

21